ইত্তেফাক

তারিখ ১৫।১।৮২
পৃষ্ঠা ১ কলাম ১

035

# আজ প্রাথমিক শিক্ষকদের প্রতিবাদ দিবস

( ইত্তেফাক রিপোর্ট )

রংপুরে প্রাথমিক শিক্ষকদের উপর পুলিশের লাঠিচার্জের প্রতিবাদে প্রাথমিক শিক্ষক সমিতি আজ (শুক্রবার) সারাদেশে প্রতিবাদ দিবস আহ্বান করিয়াছে।

এই উপলক্ষে আজ বিকাল ২ টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে শিক্ষকদের এক সমাবেশ অনুষ্ঠিত হইবে।

নীলফামারী হইতে আমাদের সংবাদদাতা টেলিফোনে জানান, গত ১৩ই জানুয়ারী রংপুরে প্রাথমিক শিক্ষকদের উপর পুলিশের লাঠিচার্জের প্রতিবাদে প্রাথমিক শিক্ষক সমিতির আহ্বানে গতকাল নীলফামারীতে সকাল হইতে ১২টা পর্যন্ত পূর্ণ হরতাল পালিত হয়। বিভিন্ন রাজনৈতিক দলসহ প্রাথমিক শিক্ষকদের একটি যৌথ মিছিল শহরের প্রধান

( ৮ম পৃঃ ৩ এর কঃ দ্রঃ)

## প্রতিবাদ দিবস

(১ম পৃঃ পর)

সড়ক প্রদক্ষিণের পর স্থানীয় সমির উদ্দিন উচ্চ বিদ্যালয় ময়দানে একটি প্রতিবাদ সভায় মিলিত হয়। সভায় বক্তারা প্রাথমিক শিক্ষকদের উপর হামলার নিন্দা জ্ঞাপন, লাঠিচার্জের তদন্ত ও জেলা প্রশাসককে অপসারণ করার দাবী জানান।

ঢাকায় বাংলাদেশ বেসরকারী কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ এক যুক্ত বিবৃতিতে রংপুরে প্রাথমিক শিক্ষকদের উপর হামলার নিন্দা করিয়াছেন ও ইহার প্রতিবাদে আহূত অদ্যকার 'প্রতিবাদ দিবসের' প্রতি সমর্থন জানান। ছাত্রলীগ ( মুনীর-হাসিব ) এবং জাতীয় ছাত্র ইউনিয়নও এই হামলার নিন্দা করিয়াছে।

বাংলাদেশ ইসলামিক ডেমোক্রেটিক লীগ প্রাথমিক শিক্ষকদের দাবীর প্রতি পূর্ণ সমর্থন ও একাত্মতা প্রকাশ করিয়াছে।

ন্যাপ (মোঃ) প্রধান অধ্যাপক মোজাফফর আহমদ এক বিবৃতিতে রংপুরে প্রাথমিক শিক্ষকদের উপর পুলিশী হামলার নিন্দা করিয়াছেন। তিনি শিক্ষকদের দাবীর ব্যাপারে সরকারকে আগাইয়া আসার আহ্বান জানাইয়াছেন।

ন্যাপ (হারুন-পঙ্কজ) প্রধান চৌধুরী হারুনুর রশীদ ও সাধারণ সম্পাদক মিঃ পঙ্কজ ভট্টাচার্য রংপুরের ঘটনার নিন্দা করেন ও প্রাথমিক শিক্ষককের ধর্মঘটের প্রতি সংহতি প্রকাশ করেন।